# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/নগর পরিকল্পনা ইউনিট/২০২১/ তারিখঃ

নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার নগর পরিকল্পনা ইউনিটের সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ০১/০৯/২০২১ ইং তারিখ রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে এক সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

আলোচ্য সূচী ঃ ১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদন।

২) UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা।

৩) করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং "করোনা ভ্যাকসিন" গ্রহণের গুরুত্ব সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪) বিবিধ।

প্রাপকঃ জনাব--------------------------------

--------------------------------

সদস্য/ সদস্য-সচিব

নগর পরিকল্পনা ইউনিট

কোটালীপাড়া পৌরসভা

(রাজীব ভক্ত)
সহকরী প্রকৌশলী
ও
সভাপতি (ভারপ্রাপ্ত)
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা।

স্মারক নং- কোপৌ/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, কোটালীপাড়া গোপালগঞ্জ।

২। অফিস কপি।

(রাজীব ভক্ত)
সহকরী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটলীপাড়া পৌরসভা।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প

# নগর পরিকল্পনা ইউনিট

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ০১.০৭.২০২১ সময় ঃ সকাল ১০:৩০ ঘটিকা

| ক্রঃনং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব রাজীব ভক্ত<br>সহকারী প্রকৌশলী<br>কোটালীপাড়া পৌরসভা | সভাপতি<br>(ভারপ্রাপ্ত) | ০১.০৭.২০২১ |
| ০২ | জনাব মো: মাশরেকুল আলম<br>সচিব, কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ০১.০৭.২০২১ |
| ০৩ | জনাব আজাদুর রহমান<br>সেনেটারী ইন্সপেক্টর<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ০১.০৭.২০২১ |
| ০৪ | জনাব আবু সাঈদ খান<br>বাজার পরিদর্শক<br>ও বস্তিউন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য | ০১.০৭.২০২১ |
| ০৫ | জনাব মাজহারুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>কোটালীপাড়া পৌরসভা | সদস্য - সচিব | Mazaharul<br>০১.০৭.২০২১ |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

নগর পরিকল্পনা ইউনিট সভার কার্য বিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রাজীব ভক্ত, সহকারী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| স্থান | ঃ | "নির্বরতা" সম্মেলন কক্ষ, কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ। |
| তারিখ | ঃ | ০১/০৯/২০২১ ইং। |
| রোজ | ঃ | বুধবার। |
| সময় | ঃ | সকাল ১০.৩০ ঘটিকা। |

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র:নং | নাম ও পদবী | কমিটির পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: মাশরেকুল আলম<br>সচিব, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। | সদস্য | **স্বাক্ষরিত** |
| ০২ | জনাব আজাদুর রহমান<br>সেনেটারী ইন্সপেক্টর,<br>কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। | সদস্য | **স্বাক্ষরিত** |
| ০৩ | জনাব আবু সাইদ খান<br>বাজার পরিদর্শক ও এসডিও (ভা:প্রা:)<br>কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। | সদস্য | **স্বাক্ষরিত** |
| ০৪ | জনাব মাজহারুল ইসলাম<br>উপ-সহকারী প্রকৌশলী (সিভিল),<br>কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। | সদস্য সচিব | **স্বাক্ষরিত** |

অদ্যকার সভায় সভাপতি মহোদয় এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম পরিচালনার জন্য জনাব **মাজহারুল ইসলাম, সদস্য সচিব,** নগর পরিকল্পনা ইউনিট (TPU)কে অনুরোধ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | UGIIP-III প্রকল্পসহ চলমান উন্নয়ন প্রকল্প সম্পর্কে আলোচনা। | * কোটালীপাড়া পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব রাজীব ভক্ত বলেন UGIIP-III প্রকল্পের কাজ সম্পর্কে জানান যে, UGIIP-III প্রকল্পের চলমান কাজ শেষ করার জন্য ঠিকাদারগণকে তাগিদ দেওয়া হয়েছে। তিনি আরো জানান যে, UGIIP-III প্রকল্পের আওতায় Phase-1 এর Lot-1 এবং Lot-2 এর কাজ ১০০% শেষ হইয়াছে এবং প্রকল্প পরিচালকের অনুমোদন পূর্বক চূড়ান্ত বিল প্রদান করা হইয়াছে। Phase-2 এর ০২ (দুই)টি প্যাকেজের কাজ ১০০% সম্পন্ন হইয়াছে। Phase-3 এর আওতায় পৌর সুপার মার্কেট নির্মানের ১টি এবং রাস্তা নির্মানের ০১টি প্যাকেজের কাজ চলমান আছে। প্যাকেজ ২ (দুই) টির কাজের গড় অগ্রগতি ৮৫%। তিনি আরো জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দ IUIDP-2 এর ৫টি প্যাকেজের কাজের গড় অগ্রগতি ৯৫%। ২০২০-২০২১ অর্থ বছরে LGSP-3 প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরের বরাদ্দে ২০২০-২০২১ অর্থ বছরে ১৩টি স্কীমের কাজ ১০০% সম্পন্ন হইয়াছে। জলবায়ু ট্রাষ্ট ফান্ডের আওতায় পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানে ৩৫৪ টি সোলার সড়কবাতি স্থাপনের কাজ চলিতেছে। কাজের গড় অগ্রগতি ৮৫%। ২০২০-২০২১ অর্থ বছরে IUIDP-2 প্রকল্পের আওতায় ৬টি প্যাকেজের কাজ বাস্তবায়নের e-GP পদ্ধতিতে টেন্ডার গ্রহণ করা হইয়াছে এবং Evaluation পূর্বক লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করিয়া অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ করা হইয়াছে। ২০২০-২০২১ অর্থ বছরে সহায়ক তহবিলের আওতায় ৩ (তিন)টি প্রকল্প বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয়া শেষ করিয়া কার্যাদেশ প্রদান করা হইয়াছে। | **বিস্তারিত আলোচনান্তে চলমান স্কীমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইলো।** |
| ০৩ | করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং "করোনা ভ্যাকসিন" গ্রহণের গুরুত্ব সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত | নগর পরিকল্পনা ইউনিটের সম্মানিত সদস্য এবং কোটালীপাড়া পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মাজহারুল ইসলাম বলেন - কার্যকর পরীক্ষা এবং বিদ্যমান প্রতিরোধ ব্যবস্থার সাথে সামঞ্জস্যপূর্ণ হলে কোভিড-১৯ এর ভ্যাকসিন মহামারীটেকে নিয়ন্ত্রণে আনার ব্যাপারে সহায়তা হিসাবে কাজ করবে। পাইপলাইনে বেশ কয়েকটি প্রতিশ্রুতিশীল ভ্যাকসিন অনুমোদনের জন্য পর্যালোচনাধীন রয়েছে এবং *ফাইজার, *অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনগুলি বেশ কয়েকটি কঠোর জাতীয় নিয়ন্ত্রক সংস্থার | করোনা ভাইরাস (কোভিড-১৯) সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং "করোনা ভ্যাকসিন" গ্রহণের গুরুত্ব সম্পর্কে |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| | গ্রহণ। | দ্বারা ব্যবহারের জন্য অনুমোদিত হওয়ায় নিরাপদ এবং কার্যকর ভ্যাকসিনের প্রতিযোগিতাটি এখন একটি নতুন অধ্যায়ের সূচনা করেছে। কোভিড-১৯ এর ফলে সৃষ্ট রোগটি শিশুদের জন্য মারাত্মক হুমকি স্বরুপ। তাৎক্ষণিক শারীরিক প্রভাবের চেয়েও রোগটির প্রভাব আরও ব্যাপক।<br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেরশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় বিশ্বের বিভিন্ন দেশ থেকে ভ্যাকসিন আমদানি শুরু হয়েছে। দেশের প্রতিটি স্বাস্থ্য কমপ্লেক্সে শুধু মাত্র জাতীয় পরিচায় পত্র প্রদর্শন করলেই ভ্যাকসিন গ্রহণ করা যচ্ছে যা আমাদের জন্য স্বস্তির।<br>বিধায় আমাদের এই সম্ভবনাময় বাংলাদেশকে সমৃদ্ধশালী করতে হলে সকলকেই সঠিক নিয়মে স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে এবং যাদের ভ্যাকসিন নেয়ার বয়স হয়েছে দ্রুত ভ্যাকসিন গ্রহণ করতে হবে।<br>করোনা ভাইরাসে আক্রান্ত হলে বা লক্ষণ দেখা দিলে- জনসমাগম এড়িয়ে চলতে হবে। * যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>এ প্রসঙ্গে নগর পরিকল্পনা ইউনিটের সম্মানীত সদস্য জনাব মো: মাশরেকুল আলম বলেন - করোনা ভাইরাসে সংক্রমিত হওয়ার লক্ষণ সমূহ আমাদের সকলকে জেনে রাখা জরুরী। ১ম লক্ষণ- ঘন ঘণ উচ্চ তাপমাত্রার জ্বর। ২য় লক্ষণ- জ্বরের পর দীর্ঘায়িত কাশি। ৩য় লক্ষণ- বয়স্কদের শারীরিক অসুস্থতাবোধ করা, মাথাব্যাথা, বিশেষকরে শ্বাস-প্রশ্বাস জনিত রোগে ভোগা। এছাড়াও শিশুদের হওয়া প্রবণতা বেশি। এই রোগ অত্যন্ত সংক্রামক বা ছোয়াচে। এই রোগে আক্রান্ত হওয়ার আগে সর্বোচ্চ প্রস্তুতি নিন। মনে রাখবেন- ফুসফুসে পৌছানোর আগে করোনা ভাইরাসটি চারদিন পর্যন্ত গলায় থাকে, এই সময়ে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু করে এবং গলায় ব্যাথা শুরু হয়। যদি তিনি প্রচুর পরিমাণে পানি পান করেন এবং গরম পানি, ভিনেগার বা লবণ দিয়ে জড়ানো ভাইরাসটি নির্মূল করেন, তাহলে খুব শীঘ্রই সুস্থ্য হয়ে উঠবেন। আতংকিত না হয়ে সচেতন হউন। করোনা ভইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট (আইইডিসিআর) এর জরুরী হট লাইন নম্বরে কল করুন- ০১৭০০ ৭০০৭৩৭, ০১৯৩৭ ১১০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

০১.০৯.২০২১

(রাজীব ভক্ত)
সহকারী প্রকৌশলী
ও
সভাপতি
নগর পরিকল্পনা ইউনিট
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
২। জনাব.............................................. সদস্য, নগর পরিকল্পনা ইউনিট ।
৩। ................................................................................ ।
৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।